

যুগান্তর

জাবি ভিসির পক্ষে বিপক্ষে পাল্টাপাল্টি কর্মসূচি

প্রকাশ : ১৭ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



জাবি প্রতিনিধি

দুর্নীতির অভিযোগে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ফারজানা ইসলামের পক্ষে-বিপক্ষে পাল্টাপাল্টি কর্মসূচি পালন করেছেন শিক্ষক-শিক্ষার্থীরা। বুধবার ভিসির অপসারণের দাবিতে বিক্ষোভ মিছিল করেছে শিক্ষক-শিক্ষার্থীদের একাংশ। ভিসির বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ ষড়যন্ত্রমূলক আখ্যা দিয়ে তার পক্ষে মৌন মিছিল ও সংহতি সমাবেশ করেছেন ভিসিপন্থী শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীরা।

বুধবার বেলা সাড়ে ১১টায় শহীদ মিনার থেকে মৌন মিছিল ও পুরনো প্রশাসনিক ভবনের সামনে সংহতি সমাবেশ করেন ‘অন্যায়ের বিরুদ্ধে এবং উন্নয়নের পক্ষে জাহাঙ্গীরনগর’ ব্যানারে ভিসিপন্থীরা। সংহতি সমাবেশে ভিসির বিরুদ্ধে চলমান আন্দোলনকে স্বার্থান্বেষী মহলের ষড়যন্ত্র উল্লেখ করে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক অজিত কুমার মজুমদার বলেন, প্রয়োজনের তাগিদেই গণজাগরণ হয়। আজকের এই গণজাগরণ প্রমাণ করে ভিসির বিরুদ্ধে যে আন্দোলন হচ্ছে, তা একটি স্বার্থান্বেষী মহলের ষড়যন্ত্র ছাড়া আর কিছুই নয়।

সমাবেশে ‘অন্যায়ের বিরুদ্ধে এবং উন্নয়নের পক্ষে জাহাঙ্গীরনগর’-এর মুখপাত্র অধ্যাপক মোহাম্মাদ আলমগীর কবীরের সঞ্চালনায়, ভিসিপন্থী শিক্ষকদের রাজনৈতিক সংগঠন ‘বঙ্গবন্ধু শিক্ষক পরিষদ’-এর সভাপতি অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী ভিসির বিরুদ্ধে আন্দোলনকারীদের উদ্দেশ্য করে বলেন, আপনারা আসুন, দেখুন কত মানুষ আমরা এখানে একত্রিত হয়েছি। এই গণজমায়েত প্রমাণ করে, আপনাদের আন্দোলন যৌক্তিক নয়। তাই আসুন, মিথ্যা অভিযোগের ভিত্তিতে আন্দোলন না করে একসঙ্গে বিশ্ববিদ্যালয়কে পরিচালনা ও উন্নয়নের পক্ষে কাজ করি। সমাবেশে বক্তব্য দেন অধ্যাপক হানিফ আলী, অধ্যাপক সুফি মোস্তাফিজুর রহমান, অফিসার সমিতির সভাপতি মো. আবু হাসান প্রমুখ।

ভিসির পদত্যাগ দাবিতে ‘দুর্নীতির বিরুদ্ধে জাহাঙ্গীরনগর’ ব্যানারে শিক্ষক-শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন। বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের সামনে থেকে বিক্ষোভ শুরু করে মুরাদ চত্বরে গিয়ে সংক্ষিপ্ত সমাবেশ করেন তারা। সমাবেশে জাহাঙ্গীরনগর সাংস্কৃতিক জোটের প্রচার ও প্রকাশনা সম্পাদক মারুফ মোজাম্মেলের সঞ্চালনায় বক্তব্য দেন দর্শন বিভাগের অধ্যাপক আনোয়ারুল্লাহ ভূঁইয়া, অধ্যাপক কামরুল আহসান, ছাত্রফ্রন্টের (মার্ক্সবাদী) জাবি শাখার সভাপতি মাহাথির মোহাম্মদ, সাংগঠনিক সম্পাদক শোভন রহমান, বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের জাবি শাখার যুগ্ম আহ্বায়ক ফরহাদ হারেস ভূঁইয়া প্রমুখ। বক্তারা অবিলম্বে ভিসিকে পদত্যাগের জন্য আহ্বান জানান।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।